ইত্তেফাক

তারিখ ... ২.২.৮৬ ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ১ ...

036

## বিএড কোর্সের প্রথম সেমিষ্টারে ৩ সহস্রাধিক প্রার্থীর অংশগ্রহণ

রাজশাহী, ১লা ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)— সম্প্রতি রাজশাহী শিক্ষক প্রশিক্ষণ কলেজ কেন্দ্রে দূরশিক্ষণ প্রশিক্ষণ ব্যবস্থাধীন বি-এড কোর্সের প্রথম সেমিষ্টারের ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় ২৪ জন শিক্ষিকা এবং ৩৭৬ জন শিক্ষক অংশগ্রহণ করেন। প্রকাশ, বাংলাদেশের ১০টি শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রে অনুরূপ পরীক্ষায় সর্বমোট ৩ হাজার ২ শত ১১ জন শিক্ষক-শিক্ষিকা অংশ নেন। এক তথ্যে জানা যায়, শিক্ষক প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পান নাই—বাংলাদেশর হাইস্কুলসমূহে এখন শিক্ষক-শিক্ষিকার সংখ্যা প্রায় ৭০ হাজার। অভিজ্ঞমহল মনে করেন, দূরশিক্ষণ প্রশিক্ষণ ব্যবস্থায় এই শিক্ষক শিক্ষিকা অনায়াসে বি, এড ডিগ্রী লাভ করিতে পারেন।